



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



## জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/২১০/রেজি:/৯৪৬

তারিখ : ৩০/১২/২০২১

বিষয় : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশনের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রমের সময়সীমা বিলম্ব ফি ব্যতিত আগামী ১৫/০১/২০২২ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

গত ০৭/১২/২০২১ তারিখে প্রকাশিত বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত পত্র স্মারক নং-২১০/জেএসসি/এসএসসি রেজি:/৮৫৮, তারিখ: ৩০/১১/২০২১ এর অপরাপর শর্ত অপরিবর্তিত থাকবে।

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর পরবর্তীতে কোন অবস্থাতেই উক্তরূপ সংশোধন এবং বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার সুযোগ দেয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন/সংশোধন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

ফোন : ৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান  
(মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ)

মেমো নং: ৯৪৬(৬)

তারিখ: ৩০/১২/২০২১

### অনুলিপি :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। উপপরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।